ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৭৩

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১১ অক্টোবর তারিখে 'স্যন্দন পত্রিকায় "ফায়ারম্যান নিয়োগে মহা কেলেঙ্কারি" শিরোনামে প্রকাশিত সংবাদটির প্রতি অগ্নিনির্বাপক দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। দপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। সংবাদের উদ্দেশ্যে অগ্নি নির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তর তথা ত্রিপুরা-সরকারের মানহানি ছাড়া আর কিছুই নয়। দপ্তর এই সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছে। প্রকৃত তথ্য নীচে তুলে ধরা হয়েছে।

৬ই মে ২০২২ তারিখের বিজ্ঞপ্তি নং F.4-9/TFES/2022/3963 অনুসারে ৩০৪ জন ফায়ারম্যান এবং ২৫ জন ড্রাইভার নিয়োগের জন্য আবেদন পত্র আহ্বান করা হয়েছিল। ফায়ারম্যান পদের জন্য ৪১ হাজার ৪৮৪ টি আবেদন পত্র এবং ড্রাইভার পদের জন্য ৯৯৮ আবেদন পত্র জমা পরে। শারীরিক দক্ষতা পরীক্ষায় ১ হাজার ৭৯৬ জন ফায়ারম্যান পদের জন্য এবং ১৭ জন ড্রাইভার পদের জন্য উত্তীর্ণ হন। তারা ৮/১/২০২৩ তারিখের অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন। কিন্তু লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করতে গিয়ে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়। দপ্তর এই ইস্যুগুলি আইন দপ্তরের মতামত সহ রাজ্য সরকারের নজরে নেয়। এই ত্রুটিগুলোর জন্য শুধুমাত্র লিখিত পরীক্ষা বাতিল করা হয়, সমগ্র নিয়োগ প্রক্রিয়া নয়। পরে এই নিয়োগ প্রক্রিয়াটি তরান্বিত করার জন্য সমগ্র শিক্ষা অভিযানের যুগ্ম রাজ্য প্রকল্প পরিচালক উৎপল চক্রবর্তী, টি সি এস গ্রেড-১ কে সদস্য সচিব করা হয়েছে। পরবর্তীতে জে ভি দুয়াতি কে ১০ জুলাই ২০২৫ তারিখের বিজ্ঞপ্তি F.NO.FRBT/01/2025 এর মাধ্যমে এফআরবিটি এর চেয়ারম্যান হিসেবে প্রদীপ আচার্যীর স্থানে নিযুক্ত দেওয়া হয়। এফআরবিটি আগামী ৩০ শে অক্টোবর ড্রাইভার নিয়োগের জন্য ড্রাইভিং টেস্ট নেবে। ফায়ারম্যান এর নিয়োগের জন্য বাতিল হওয়া লিখিত পরীক্ষা পুনরায় ডিসেম্বর ২০২৫ এ নেওয়া হবে।

******